

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর বার্ষিক কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের আওতায় ৬৪টি জেলায় এবং ৩৯টি উপজেলায় ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ৩.৫ লক্ষ প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা শিশু ও ব্যক্তিকে প্রায় ৩৭ লক্ষ টি খেরাপি সেবা বিনামূল্যে প্রদান করা হয়েছে। ৪৫টি মোবাইল খেরাপি ভ্যানের মাধ্যমে (One-stop service) দেশের প্রত্যন্ত অঞ্চলের প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ৫০ হাজার ব্যক্তিকে ২,৮৯,৮৪৪টি খেরাপি সেবা বিনামূল্যে প্রদান করা হয়েছে। সেবা কেন্দ্র এবং মোবাইল ভ্যানে সেবা প্রত্যাশি ব্যক্তিবর্গের মধ্যে যাচাই-বাছাই সাপেক্ষে ২৬,১০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে ১৮,৫০০টি হইল চেয়ার, ২,০০০টি ট্রাই-সাইকেল, ৪,৯০০টি স্মার্ট সাদাছড়ি এবং ৭০০টি হিয়ারিং এইড (শ্রবণযন্ত্র) সহ মোট ২৬,১০০টি সহায়ক উপকরণ বিনামূল্যে প্রদান করা হয়েছে। দেশের ৭২টি বেসরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের ৯১৯ জন শিক্ষক-কর্মচারীর ১০০% বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে। উক্ত বিদ্যালয়সমূহের আওতায় ১১,৫০০ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে বিশেষ শিক্ষা প্রদান কার্যক্রমের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ ও উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির দ্বারা সমাজের গুলুস্রোতধারায় সম্পৃক্ত করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ১২টি স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম স্কুলের কার্যক্রম চলমান আছে। কর্মজীবনে প্রবেশগম্যতার সুযোগ সৃষ্টি ও নিরাপদে বসবাস সুবিধার লক্ষ্যে প্রতিবন্ধী কর্মজীবী হোস্টেলে ২২ জন পুরুষ ও ১৩জন মহিলা প্রতিবন্ধী ব্যক্তির আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে প্রায় ১০,০৯৭ জন অটিজম বৈশিষ্টসম্পন্ন শিশু ও ব্যক্তিকে স্কিনিং পরবর্তী এ্যাসেসমেন্ট-এর মাধ্যমে প্রতিবন্ধিতা চিহ্নিত করে সাইকো-সোশ্যাল কাউন্সেলিং সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে প্রতিবন্ধিতা কার্যক্রমে সংশ্লিষ্ট প্রত্যন্ত অঞ্চলের ২৬৯টি বেসরকারি সংগঠনকে প্রায় ১ কোটি ৫২ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। ৩০০জন মেধাবী দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে ১৫ লক্ষ টাকা, ৯৫ জন মেধাবী বাক ও শ্রবণ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে ৪.৭৫ লক্ষ টাকা বিকাশের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। এছাড়া, ১০ জন সফল প্রতিবন্ধী ব্যক্তিকে, প্রতিবন্ধিতা উত্তরণে কাজ করেন এমন ব্যক্তি ও জনকে, প্রতিবন্ধিতা উত্তরণে কাজ করে এমন প্রতিষ্ঠান ৩টিকে, প্রতিবন্ধীদের সফল পিতামাত ২জনকে এবং সফল কেয়ার গিভারসহ মোট ২০ জনকে ৩ লক্ষ টাকা নগদ অর্থসহ সম্মাননা প্রদান করা হয়েছে। জেলা প্রশাসনের মাধ্যমে দুযোগকালীন আর্থিক সহায়তা হিসেবে দেশের ৮টি জেলায় বন্যাভুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের ৩৪ লক্ষ টাকা খাদ্য ও আর্থিক সহায়তা এবং করোনাকালীন সাপোর্ট হিসেবে ১ কোটি ১০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

ঢাকা জেলার পাতারে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য প্রতিবন্ধী ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ কার্যক্রম চলমান আছে। এছাড়া, প্রতিবন্ধী শিশু নিরাসে-৩৫ জন অসহায় পিতৃমাতৃহীন প্রতিবন্ধী শিশুদের পুনর্বাসন, লালন-পালন করা হচ্ছে।

J

মোহাম্মদ মফিজুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)

ওস.এন. আহমেদ হাশিম
উপপরিচালক (প্রশাসন, অর্থ ও অডিট)

মোঃ আবু হানিফ বেগারী
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন